



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কাজিপুর, সিরাজগঞ্জ
acl.kazipur.sirajganj.gov.bd

নম্বর- ৩১.৪৩.৮৮৫০.০০১.৪৫.০০৮.২৩-৭৯৯

তারিখঃ ১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে খাদিম পদে লিখিত পরীক্ষার সময়সূচি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কাজিপুর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের খাদিম পদের নিয়োগের নিমিত্তে লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

পদের নামঃ খাদিম
তারিখঃ ০৭ অক্টোবর ২০২৩ (শনিবার)
সময়ঃ সকাল ১০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ আদর্শ একাডেমি, কাজিপুর, সিরাজগঞ্জ

১. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা একই দিনে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সুতরাং জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি পরীক্ষার দিন অবশ্যই সঙ্গে আনতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ কোন পরীক্ষার্থী জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতা সনদের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে তার মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
২. পরীক্ষা কেন্দ্রে বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন ধরনের কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, হাতঘড়ি বা ঘড়ি জাতীয় বস্তু, যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত বস্তু সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করেন তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩. নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাদি উপজেলা ভূমি অফিস, কাজিপুর এর ওয়েবসাইট acl.kazipur.sirajganj.gov.bd এ প্রকাশ করা হবে

১৬-০৯-২৩
(কাজী মোহাম্মদ অনিক ইসলাম)
সহকারী কমিশনার (ভূমি)

ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ-১ ও প্রধান উপদেষ্টা, উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, কাজিপুর
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর ও উপদেষ্টা, উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, কাজিপুর
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ
- ৪। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিরাজগঞ্জ
- ৫। ----- সদস্য উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, কাজিপুর